

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
www.ccb.gov.bd

স্মারক নং-২৬.১২.০০০০.১০৪.১১.০১৬.১৮- ০২২

তারিখ: ১৩-১২-২০২২

বিষয়ঃ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সরাসরি নিয়োগযোগ্য ১৩ টি শূন্য পদে জনবল নিয়োগ উপলক্ষ্যে ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: বাণিজ্য মন্ত্রণালয়ের স্মারক নং ২৬.০০.০০০০.০৯০.১১.০৭৯.১৮-৭৭; তারিখ: ২৬-০২-২০১৯


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের অনুমোদিত জনবল কাঠামোর ৭৩টি পদের মধ্যে সরাসরি নিয়োগযোগ্য ৩৪টি বিভিন্ন ক্যাটাগরির পদে নিয়োগের জন্য সূত্রোক্ত স্মারকে ছাড়পত্র প্রদান করা হয়। উক্ত ছাড়পত্রের আলোকে সরকারি বিধি-বিধান অনুসরণপূর্বক যোগ্য ২৫ জন বিভিন্ন ক্যাটাগরির কর্মকর্তা/কর্মচারীর অনুকূলে নিয়োগপত্র ইস্যু করা হয় এবং ০২ জন ব্যতীত মোট ২৩ জন কর্মকর্তা/কর্মচারী স্ব স্ব পদে যোগদান করেন। পরবর্তী পর্যায়ে অপেক্ষমান তালিকা অনুসরণ করে মোট ০৩ জন যোগ্য প্রার্থীকে নিয়োগ প্রদান করা হয়। অর্থাৎ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ৩৪ টি শূন্য পদের বিপরীতে মোট ২৬ জন যোগদান করে এবং ০৮টি পদে কোন আগ্রহী প্রার্থী পাওয়া যায়নি।

০২। উল্লেখ্য, বিভিন্ন সময়ে অনুমোদিত জনবলের ০৫ জন কর্মকর্তা/ কর্মচারী চাকরি ছেড়ে দিয়ে অন্যত্র চলে যায়। ফলে এখন শূন্য পদের সংখ্যা দাড়িয়েছে ১৩ টি। উক্ত ১৩ টি শূন্য পদের বিস্তারিত বিবরণ নিম্নে উল্লেখ করা হলো। প্রসংগত আরো উল্লেখ্য উক্ত ১৩ টি পদ শূন্য থাকায় কমিশনের কাজে কর্মে প্রায়শঃ সমস্যা হচ্ছে।

০৩। উপরে বর্ণিত অবস্থার প্রেক্ষিতে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আলোচ্য ১৩ টি শূন্য পদ বিধি মোতাবেক সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করার লক্ষ্যে ছাড়পত্র প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ১৩ টি শূন্য পদের তালিকা

ক্রমিক	পদের নাম	গ্রেড ও বেতনস্কেল	শূন্য পদের সংখ্যা	মন্তব্য
১	প্রোগ্রামার	গ্রেড-৬ স্কেল-৩৫,৫০০/- - ৬৭,০১০/-	০১ টি	পদগুলি শূন্য থাকায় কমিশনের কার্যক্রম ব্যাহত হচ্ছে।
২	সহকারী পরিচালক	গ্রেড-৯ স্কেল-২২,০০০/- - ৫৩,০৬০/-	০৩ টি	
৩	সহকারী পরিচালক (গবেষণা)	গ্রেড-৯ স্কেল-২২,০০০/- - ৫৩,০৬০/-	০১ টি	
৪	ব্যক্তিগত সহকারী	গ্রেড-১৪ স্কেল-১০,২০০/- - ২৪,৬৮০/-	০৫ টি	
৫	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	গ্রেড-১৬ স্কেল-৯,৩০০/- - ২২,৪৯০/-	০৩ টি	


(মোঃ আবু মাসুদ)
সচিব (উপসচিব)

ফোন: ০২-৫৮৩১৫৪৮৫

ই-মেইল: secretary.ccb2012@gmail.com

সিনিয়র সচিব
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে)

১। চেয়ারপার্সন মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ঢাকা (চেয়ারপার্সন মহোদয়ের সদয় অবগতির জন্য)